

## কারমাইকেল কলেজে শিক্ষার্থীদের বিক্ষোভ অতিরিক্ত অর্থ আদায়

■ রংপুর প্রতিনিধি

রংপুর কারমাইকেল কলেজে অনার্স  
২য় বর্ষের ফরম পূরণে ব্যাংক সার্ভিস  
চার্জের নামে অতিরিক্ত অর্থ আদায়  
প্রত্যাহারের দাবিতে রবিবার  
বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন  
সাধারণ শিক্ষার্থীরা।

প্রগতিশীল ছাত্র জোটের  
উদ্যোগে ও সাধারণ শিক্ষার্থীদের  
অংশগ্রহণে সকালে কলেজ  
ক্যাম্পাসে বিশাল বিক্ষোভ-মিছিল  
বের করা হয়। পরে বাংলাদেশ ছাত্র  
ইউনিয়ন কারমাইকেল কলেজ  
শাখার সাধারণ সম্পাদক প্রদীপ  
রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত  
সমাবেশে বক্তব্য রাখেন  
সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট কারমাইকেল  
কলেজ শাখার সভাপতি আবু  
রায়হান বকসি, ছাত্র ফেডারেশনের  
রবিউল ইসলাম রনি, ছাত্রফ্রন্ট  
কলেজ শাখার সংগঠক জনক রায়,  
ছাত্রফ্রন্ট কলেজ শাখার সাধারণ  
সম্পাদক হোজায়ফা সাকওয়ান  
জেলিড প্রমুখ।